ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/কা.গ.ব/রা-০৮/২০১৮/১৪৮২০ তারিখ: ০৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ / ২০ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: বেতন বিলে স্বাক্ষর প্রদান প্রসঙ্গে।

সূত্র: ১। ইআবি/রেজি/গভ./বিবিধ/২০২০/৮৩৭, তারিখ: ১৪.০২.২০২১খ্রি.
২। তালোড়া শাহ্-এয়তেবারিয়া কামিল মাদরাসার স্মারক নং: ২(ক)/২০২৫, তারিখ: ১৬.০৩.২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত তালোড়া শাহ্-এয়তেবারিয়া কামিল মাদরাসার উপাধ্যক্ষের ১৬.০৩.২০২৫খ্রি. তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১নং স্মারকের অফিস আদেশ অনুযায়ী প্রতিষ্ঠান প্রধানের অবর্তমানে প্রতিষ্ঠানের উপাধ্যক্ষ এবং তার অবর্তমানে প্রতিষ্ঠানের জ্যেষ্ঠতম শিক্ষক প্রতিষ্ঠান প্রধানের স্থলে বেতন বিলে স্বাক্ষর করবেন।

বিষয়টি আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংযুক্তিসহ প্রেরণ করা হল।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

২০/৩/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
মোবাইল: ০১৭০৫৪০৮০০১
মেইল: iauregistr@gmail.com

প্রাপক
অতিরিক্ত জেলা প্রশাসক
(উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা) বগুড়া
ও
সভাপতি
তালোড়া শাহ্-এয়তেবারিয়া কামিল মাদরাসা
দুপচাঁচিয়া, বগুড়া।

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/কা.গ.ব/রা-০৮/২০১৮/১৪৮২০ (৫) তারিখ: ০৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ / ২০ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা।
২. অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), তালোড়া শাহ্-এয়তেবারিয়া কামিল মাদরাসা, দুপচাঁচিয়া, বগুড়া।
৩. ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (মাননীয় ভাইস-চ্যান্সেলরের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৪. আই.সি.টি. শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. সংশ্লিষ্ট নথি ও মহানথি।

২০.০৩.২০২৫
(মো: শাহ নেওয়াজ)
সহকারী রেজিস্ট্রার
মোবাইল: ০১৭১১-৬৬৫৪০৫

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd
বাড়ি নং-১২৪/৯০/৩ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/রেজি/গভ./বিবিধ/২০২০/ ৮৬৭ তারিখ: ১লা ফাল্গুন ১৪২৭ / ১৪ ফেব্রুয়ারি ২০২১

## অফিস আদেশ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত, অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষের অনুপস্থিতিতে এবং নিয়মিত গভর্নিং বডি/এডহক কমিটির মেয়াদ উত্তীর্ণ হলে/সভাপতি কোন কারণে দায়িত্ব পালনে অপারগ হলে নিম্নলিখিত নির্দেশনা অনুযায়ী মাদরাসা পরিচালিত হবে ঃ

১। কোন ফাজিল ও কামিল মাদরাসার নিয়মিত গভর্নিং বডি/এডহক কমিটির সভাপতি না থাকার কারণে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা উত্তোলনের সমস্যা সৃষ্টি হলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর ক্রমিক নং- ১৭.৪ অনুযায়ী "ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি এবং প্রতিষ্ঠান প্রধান এমপিও বিলে যৌথভাবে স্বাক্ষর করবেন। নিয়মিত কমিটি/এডহক কমিটি/সভাপতির অবর্তমানে অথবা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ম্যানেজিং কমিটির মধ্যে সৃষ্ট মতপার্থক্যের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে এমপিও উত্তোলনের ক্ষেত্রে জটিলতা তৈরি হলে জেলা সদরে অবস্থিত মাদরাসার ক্ষেত্রে জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক এবং জেলা সদরের বাইরের মাদরাসার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার সভাপতির স্থলে স্বাক্ষর করবেন। প্রতিষ্ঠান প্রধানের অবর্তমানে প্রতিষ্ঠানের সহকারী প্রধান এবং তার অবর্তমানে প্রতিষ্ঠানের জ্যেষ্ঠতম শিক্ষক প্রতিষ্ঠান প্রধানের স্থলে স্বাক্ষর করবেন"।

২। কোন কারণে ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষ না থাকলে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বেসরকারি মাদরাসা শিক্ষক ও কর্মচারীদের চাকরির শর্তাবলি সংক্রান্ত প্রবিধান-২০১৯ এর

১২। ক. "মাদরাসায় অধ্যক্ষ পদ শূন্য হলে/অধ্যক্ষের অবর্তমানে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে উপাধ্যক্ষকে দায়িত্ব প্রদান করতে হবে। উপাধ্যক্ষ না থাকলে ভারপ্রাপ্ত অধ্যক্ষ জ্যেষ্ঠতার ভিত্তিতে নির্বাচিত হবে এবং সে সাথে পরবর্তী ০৬ (ছয়) মাসের মধ্যে বিধি মোতাবেক অধ্যক্ষ নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে।
ক.১. ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের এক বছরের মধ্যে নিয়মিত অধ্যক্ষ আবশ্যিকভাবে নিয়োগ প্রদান করতে হবে।
ক.২. ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রাপ্তির ১ মাসের মধ্যে গভর্নিং বডির রেজুলেশনসহ প্রয়োজনীয় কাগজপত্র ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রেরণ করতে হবে"।

৩। জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা নির্ধারণ : ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বেসরকারি মাদরাসা শিক্ষক ও কর্মচারীদের চাকরির শর্তাবলি সংক্রান্ত প্রবিধান-২০১৯ এর ১২(খ) "শিক্ষক ও কর্মচারীদের পারস্পরিক জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা তাদের সংশ্লিষ্ট পদে প্রথম এমপিওভুক্তির তারিখ থেকে গণনা করা হবে। তবে এমপিওভুক্তি একই তারিখে হলে জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে যোগদানের তারিখ বিবেচনা করা হবে। যোগদানের তারিখ একই হলে জন্ম তারিখের ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারণ হবে। জন্ম তারিখ একই হলে যার শিক্ষাগত যোগ্যতা বেশি তিনি জ্যেষ্ঠ হবেন"।

৪। ফাজিল ও কামিল মাদরাসায় কোন কারণে অধ্যক্ষ না থাকলে তদস্থলে সংশ্লিষ্ট মাদরাসার উপাধ্যক্ষ ভিন্ন অপর কোন শিক্ষক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করতে পারবেন না। কোন কারণে উপাধ্যক্ষের দায়িত্ব গ্রহণে অপারগতা প্রকাশ অসদাচরণ বলে গণ্য হবে।

৫। অধ্যক্ষের ছুটিকালীন সময়ে/অন্যত্র কোন দায়িত্ব পালনকালে উক্ত সময়ের জন্য দায়িত্বপ্রাপ্ত ভারপ্রাপ্ত অধ্যক্ষ শুধু রুটিন ওয়ার্ক করবেন।

৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/২০১৫/৪০৭৩, ০১.১১.২০১৭খ্রি. তারিখের জারিকৃত অফিস আদেশটি বাতিল বলে গণ্য হবে।

উপাচার্যের অনুমোদনক্রমে

১৪/২/২০২১
(এ.এস. মাহমুদ)
রেজিস্ট্রার
মোবাইলঃ ০১৭০৫৪০৮০০১

স্মারক নং- ইআবি/রেজি/গভ./বিবিধ/২০২০/ ৮৬৭(১৬) তারিখ: ১৪/০২/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ গার্লস গাইড অ্যাসোসিয়েশন, লেভেল-০৭ ও ১০, নিউ বেইলি রোড, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৫। পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬। পরিদর্শক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৭। জেলা প্রশাসক (সকল)।
৮। অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)।
৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১০। সভাপতি, গভর্নিং বডি/এডহক কমিটি, সংশ্লিষ্ট ফাজিল/কামিল মাদরাসা।
১১। অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), প্রাথমিক পাঠদানের অনুমতি প্রাপ্ত, অধিভুক্ত সকল ফাযিল ও কামিল মাদরাসা।
১২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
১৩। উপাচার্যের একান্ত সচিব (মাননীয় উপাচার্যের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৪। ব্যবস্থাপক, সংশ্লিষ্ট ব্যাংক।
১৫। আই.সি.টি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৬। সংশ্লিষ্ট নথি।

(ড. মো. আবু হানিফা)
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
মোবাইলঃ ০১৭০৫৪০৮০০৪

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম


# তালোড়া শাহ্-এয়তেবারিয়া কামিল (মাষ্টার্স) মাদ্‌রাসা
# TALORA SHAH-ETEBARIA KAMIL (MASTERS) MADRASAH

● ডাকঘরঃ তালোড়া, উপজেলাঃ দুপচাঁচিয়া, জেলাঃ বগুড়া ● মোবাঃ ০১৭১৯-৫১১৪৬৫

স্থাপিত ঃ ১৯৫৮ খ্রি. ◢ মাদ্‌রাসা কোডঃ ১৩৭৭৪ ◢ EIIN NO-119445 ◢ E-mail: talorasakmadrasha@gmail.com


স্মারক- তা.মা. ২ (ক)/২০২৫ তারিখ : ১৬.০৩.২০২৫

বরাবর,

রেজিস্ট্রার,
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা।

**বিষয়ঃ অধ্যক্ষের অনুপস্থিতিতে বেতন-বিলে বিকল্প স্বাক্ষরের ব্যবস্থার জন্য আবেদন।**

জনাব,

যথাবিহিত সম্মান জ্ঞাপনান্তে নিবেদন এই যে, নিম্ন স্বাক্ষরকারী শিরোনামে বর্ণিত মাদ্‌রাসার শিক্ষক/ কর্মচারীবৃন্দের পক্ষে আবেদক ও উপাধ্যক্ষ। আমাদের অত্র মাদ্‌রাসার অধ্যক্ষ জনাব জি,এম, মোস্তাফিজুর রহমানের বিরুদ্ধে দূনীতি, অনিয়ম, অনৈতিকতা ইত্যাদি অভিযোগে ছাত্র-ছাত্রী ও এলাকাবাসীর করা আবেদন ও অধ্যক্ষের মাদ্‌রাসায় অনুপস্থিতির কারণে মাদ্‌রাসার সভাপতি ও অতিরিক্ত জেলা প্রশাসক মহোদয় গত ০৫/১২/২০২৪ইং তারিখে তাকে (অধ্যক্ষ) সাময়িক বরখাস্ত করেন। অধ্যক্ষ মহোদয় মহামান্য হাইকোর্টে তার বরখাস্তের বিপরীতে রিট পিটিশন দায়ের করেন। মহামান্য হাইকোর্ট অধ্যক্ষের সাময়িক বরখাস্ত ১৫/১২/২০২৪ইং তারিখ থেকে ০৩ (তিন) মাসের জন্য স্থগিতাদেশ প্রদান করেন। তা বৃদ্ধির জন্য আবারও তিনি আবেদন করেছেন। তিনি (অধ্যক্ষ) গত ২৫/০৮/২০২৪ খ্রি. হতে গত ২৪/০২/২০২৫ খ্রিষ্টাব্দে রমজানের দীর্ঘ ছুটি ঘোষণার দিন পর্যন্ত মাদ্‌রাসায় আসেননি। ফলে আমরা গত ডিসেম্বর/২৪, জানুয়ারী/২৫ ও চলতি ফেব্রুয়ারি/২৫ এই ০৩ (তিন) মাসের সরকারী অংশের বেতন-ভাতা উত্তোলন করতে পারিনি। বর্ণিত ০৩ (তিন) মাস ও বর্তমানে পবিত্র রমজান মাস এবং সামনে ঈদের ব্যয় মিটানো আমাদের জন্য দূর্বিসহ হয়ে পড়েছে (সকল শিক্ষক/কর্মচারীর স্বাক্ষর সহ সভাপতি বরাবরে আবেদনের কপি সংযুক্ত)। এমতাবস্থায় বর্ণিত ০৩ (তিন) মাস সহ পরবর্তীতে মামলা নিস্পত্তি না হওয়া পর্যন্ত বা অধ্যক্ষের অনুপস্থিতির সময়কালে মাদ্‌রাসার শিক্ষক/ কর্মচারীদের বিল-বেতনে অধ্যক্ষের স্থলে অন্য কোন শিক্ষকের স্বাক্ষর বিকল্প হিসাবে প্রতিস্থাপনের ব্যবস্থা করণ প্রয়োজন।

বিধায়, মহোদয়! অনুগ্রহ করে বর্ণিত অবস্থায় অধ্যক্ষের স্থলে অন্য কোন শিক্ষকের স্বাক্ষর বিকল্প হিসেবে প্রতিস্থাপন করে মাদ্‌রাসার বিল-বেতন উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে আপনার একান্ত মর্জি কামনা করছি।

নিবেদক
(শিক্ষক/কর্মচারীদের পক্ষে)

১৬.৩.২৫

মুহাঃ মোশাররফ হোসাইন
উপাধ্যক্ষ
তালোড়া শাহ্-এয়তেবারিয়া কামিল মাদ্‌রাসা
দুপচাঁচিয়া, বগুড়া

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে প্রেরিত হলোঃ**
(জৈষ্ঠতার ভিত্তিতে নয়)

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত জেলা প্রশাসক, (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা) বগুড়া।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক আইসিটি, বগুড়া।
৪। উপজেলা নির্বাহী অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।